

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ জামাআত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কার উপর এবং কোন্ নামাযের জামাআত ওয়াজেব?

স্বাধীন জ্ঞানসম্পন্ন মুসলিম পুরুষের জন্য সুস্থতা-অসুস্থতা, ঘরে-সফরে, বিপদে-নিরাপদে সর্বাবস্থায় যথাসাধ্য জামাআতে শামিল হয়ে নামায আদায় করা ওয়াজেব।

অবশ্য জামাআত কেবল ফর্য নামাযের জন্য ওয়াজেব। এ ছাড়া (মুআক্কাদাহ ও গায়র মুআক্কাদাহ) সুন্নত এবং নফল নামাযের জন্য; যেমন সুনানে রাওয়াতেব, বিত্র, তাহিয়্যাতুল মাসজিদ, তাহিয়্যাতুল উযূ, তাহিয়্যাতুত তাওয়াফ, স্বালাতুত তাসবীহ্ (?) স্বালাতুত তাওবাহ্, ইশরাক, চাশত, আওয়াবীন প্রভৃতি নামাযের জন্য জামাআত বিধিবদ্ধ নয়।

পক্ষান্তরে চন্দ্র ও সূর্য গ্রহণের নামায, ঈদ, ইস্তিস্কা ও তারাবীহ্র নামাযের জন্য জামাআত সুন্নত। যেমন কাযা ও তাহাজ্ঞ্জুদের নামাযেও জামাআত চলে। আর এ সব কথা যথাস্থানে আলোচিত হবে ইন শাআল্লাহ।

আবার সাধারণ অতিরিক্ত নফল নামায জামাআত করে পড়া যায়। দলীল স্বরূপ দেখুন, বুখারী ১১৮৬ ও মুসলিম ৫৬৮নংহাদীস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2939

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন